



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোনঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

www.mymensingheducationboard.gov.bd

নং- মশিবো/বিদ্যা/১৫/২০১৯/৬৪৬

তারিখঃ ১০/০৫/২০২৩ খ্রি.

বিষয়ঃ বিদ্যালয়ে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর ও ম্যানেজিং কমিটির বিভিন্ন ক্যাটাগরির সাত জন সদস্যের পদত্যাগের ফলে সৃষ্ট শূন্য পদ পূরণে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র-০১ঃ প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) স্বাক্ষরিত একখানা অভিযোগ পত্র।

সূত্র-০২ঃ ম্যানেজিং কমিটির বিভিন্ন ক্যাটাগরির সাত জন সদস্যের পদত্যাগ পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে শেরপুর জেলার নকলা উপজেলাধীন “গৌড়দ্বার দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়” এর শিক্ষক-কর্মচারীরা জানুয়ারী/২০২৩ হতে অদ্যাবধি পর্যন্ত কোন বেতন-ভাতাদি পাচ্ছেন না মর্মে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) অভিযোগ করেছেন। তিনি জানিয়েছেন যে, ম্যানেজিং কমিটির সভাপতি শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর করেছেন না। ফলশ্রুতিতে শিক্ষক-কর্মচারীগণ মানবেতর জীবনযাপন করছেন।

২) ম্যানেজিং কমিটির চার জন সাধারণ অভিভাবক সদস্য ও তিন জন শিক্ষক সদস্য পদত্যাগ করেছেন মর্মে প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত) জানিয়েছেন।

এমতাবস্থায়, শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বিলে প্রতিস্বাক্ষর করা এবং ম্যানেজিং কমিটির পদত্যাগকৃত সাত জন সদস্যের বিষয়ে ম্যানেজিং কমিটি প্রবিধানমালা-২০০৯ এর ধারা ৩১ মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপকঃ সভাপতি, ম্যানেজিং কমিটি
গৌড়দ্বার দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়
উপজেলাঃ নকলা, জেলাঃ শেরপুর।


চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাঃ
ড. মোঃ দিদারুল ইসলাম
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

মেমো নং- ৬৪৬(৫)

তারিখঃ ১০/০৫/২০২৩ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নকলা, শেরপুর।
- ৪। প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত), গৌড়দ্বার দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়, নকলা, শেরপুর।
- ৫। অফিস কপি।


10.05.2023
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

